



## ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতার বিকল্প নেই: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

ডেঙ্গুসহ মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, সরকারি উদ্যোগের পাশাপাশি জনগণের সচেতন অংশগ্রহণ ছাড়া এ ধরনের রোগ কার্যকরভাবে প্রতিরোধ করা সম্ভব নয়। বুধবার (১ জুলাই) রাজধানীর একটি হোটেলে 'ইমপ্রভমেন্ট অব আরবান পাবলিক হেলথ প্রিভেন্টিভ সার্ভিস প্রজেক্ট (আইইউপিএইচপিএসপি)' আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী জানান, ডেঙ্গুসহ মশাবাহিত রোগ মোকাবিলায় সরকার ইতোমধ্যে একটি জাতীয় কমিটি গঠন করেছে এবং কমিটি কাজ শুরু করেছে। তিনি আশা প্রকাশ করেন, আইইউপিএইচপিএসপি প্রকল্পও এ ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে। তিনি বলেন, বিভিন্ন উদ্যোগ নেওয়ার পরও অনেক স্থানে মশার লার্ভা পাওয়া যাচ্ছে। তাই প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কে জনগণকে আরও সচেতন করতে হবে। বিশেষ করে অনলাইন ও ডিজিটাল মাধ্যমে জনসচেতনতামূলক প্রচারণা জোরদারের ওপর তিনি গুরুত্ব দেন।

সেমিনারে বক্তারা জানান, স্থানীয় সরকার বিভাগের অধীনে বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়িত এ প্রকল্পের লক্ষ্য হলো শহরাঞ্চলে প্রতিরোধমূলক জনস্বাস্থ্যসেবা শক্তিশালী করা এবং ডেঙ্গুসহ বিভিন্ন রোগ মোকাবিলায় স্বাস্থ্যব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি করা।

অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন, প্রকল্প-সংশ্লিষ্ট কর্মকর্তাসহ বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।